

হ্যাকনি লিংক (Hackney LINK) কি?

হ্যাকনি লোক্যাল ইন্ডল্ভমেন্ট নেটওয়ার্ক (লিংক) হল হ্যাকনিতে অবস্থিত একটা স্বাধীন পাহারাদার সংস্থা (ওয়াচডগ) যেটি স্বাস্থ্য এবং প্রাপ্ত বয়স্ক সামাজিক সেবা-পরিচর্যা বিষয়ক সেবাগুলির উপরে কড়া নজর রাখে। সোস্যাল একশান ফর্ হেল্থ নামক একটা স্থানীয় দাতব্য বা চ্যারিটি সংস্থা হ্যাকনি লিংক তত্ত্বাবধান করে।

হ্যাকনি লিংক-এর লক্ষ্য কি?

হ্যাকনি লিংক-এর লক্ষ্য হল কিভাবে স্থানীয় এন এইচ এস এবং সামাজিক সেবা-পরিচর্যা বিষয়ক সেবাগুলি উন্নত করা যায় সে ব্যাপারে জনগনের মতামতগুলির প্রতিনিধিত্ব করা এবং উন্নতিবর্ধনের উদ্যোগ গ্রহণ করা।

হ্যাকনি লিংক কিভাবে অগ্ন্য সংস্থা থেকে ভিন্ন?

হ্যাকনি লিংক-এর আইনগত ক্ষমতা রয়েছে যেসব লোকজন সেবা কিনে থাকে এবং সেবাগুলি পরিচালনা করে থাকে, তাদের কাছ থেকে উত্তর পাওয়ার, এবং নিশ্চিত করার যে হ্যাকনি লিংক কোন সুপারিশ করলে তারা যেন বিষয়টি শুনে থাকে। হ্যাকনি লিংক স্থানীয় সেবা এবং সুবিধাগুলির মানও তদন্ত করে দেখতে পারে।

কারা যোগদান করতে পারে?

স্বতন্ত্র ব্যক্তিবর্গ এবং স্বেচ্ছাসেবী ও কমিউনিটি দলগুলি যোগদান করতে পারে। স্বতন্ত্র ব্যক্তিদের অবশ্যই হ্যাকনিতে বসবাস করতে হবে অথবা হ্যাকনির কোন স্বাস্থ্য কিংবা সামাজিক সেবা-পরিচর্যা বিষয়ক সেবা ব্যবহার করতে হবে। স্বেচ্ছাসেবী দলগুলিকে অবশ্যই হ্যাকনিতে সেবা দান করতে হবে।

কে হ্যাকনি লিংক পরিচালনা করে?

একটা স্টিয়ারিং গ্রুপ হ্যাকনি লিংক নিয়ন্ত্রণ করে যেটি হ্যাকনি লিংক-এর পরিচালনা ও অগ্রাধিকারগুলির উপরে সিদ্ধান্ত গ্রহণ করে। স্টিয়ারিং গ্রুপ সদস্যদের দ্বারা সদস্যদের থেকে নির্বাচিত করা হয়।

হ্যাকনি লিংক আমার কাছ থেকে কি জানতে চায়?

- স্বাস্থ্য সেবা ব্যবহারকারী একজন রোগী হিসাবে আপনার অভিজ্ঞতা কি?
- একজন সেবা-ব্যবহারকারী অথবা একজন কেয়ারার হিসাবে প্রাপ্ত বয়স্ক সেবা-পরিচর্যা বিষয়ক সেবা ব্যবহারকারী হিসাবে আপনার অভিজ্ঞতা কি?
- আপনার মতে কি কি পরিবর্তন করার প্রয়োজন রয়েছে?
- সেবাগুলি উন্নত করার জন্য আপনার প্রস্তাবগুলি কি কি?

নিম্নলিখিত পদ্ধতিগুলি ব্যবহার করে আপনি আমাদের সাথে যোগাযোগ করুন

ই-মেইল: info@hackneylink.org.uk

ওয়েবসাইট: www.hackneylink.org.uk

টেলিফোন: 020 8510 1972

ডাকযোগে:

Hackney LINK
Unit A (first floor)
Ment House
1B Mentmore Terrace
London E8 3DQ

হ্যাকনি লিংক-এর সদস্য হওয়ার ফরম

একজন সদস্য হওয়ার জন্য অনুগ্রহ করে নিম্নলিখিত তথ্যগুলি সরবরাহ করুন:

নাম:

ঠিকানা:

টেলিফোন:

ই-মেইল:

সংস্থা কিংবা ব্যবহারকারী দল:

এবং নিম্নলিখিত ঠিকানায় ফেরত পাঠান:

Hackney LINK
Freepost RSBK-AZHL-AJBB
62 Beechwood Road
London E8 3DY